তুমি ‘আলাইকাস সালাম’ বলো না; কারণ, ‘আলাইকাস সালাম’ মৃতদের সম্ভাষণ

আবূ জুরাই আল-হুজাইমী রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম-এর নিকট এসে বললাম ‘আলাইকাস সালাম ইয়া রাসূলাল্লাহ’, তিনি বললেন, তুমি ‘আলাইকাস সালাম’ বলো না; কারণ, ‘আলাইকাস সালাম’ মৃতদের সম্ভাষণ।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এক লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে ‘আলাইকাস সালাম ইয়া রাসূলাল্লাহ’ বলে সালাম দিলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম তাকে এ পদ্ধতিতে সালাম দিতে নিষেধ করেন। এ ধরনের সালামকে অপছন্দ করার কারণে তিনি তার সালামের উত্তর দেননি এবং তিনি বলেন, “এ ধরণের সম্ভাষণ মৃতদের সম্ভাষণ”। তারপর তিনি সালামের বিশুদ্ধ পদ্ধতি তাকে জানিয়ে দেন। যেমনটি অপর একটি হাদীসে এসেছে—তুমি বল, “আস্সালামু আলাইকা”। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালামের বাণী ‘আলাইকাস সালাম’ মৃতদের সম্ভাষণ এ কথার অর্থ এ নয় যে, কবর যিয়ারত করার সময় এ দো‘আ পড়বে। কারণ, কবর যিয়ারতের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম থেকে প্রমাণিত দো‘আ হলো—“আস্সালামু আলাইকুম আহলা দারি কাওমিন মু’মিনীন”। তবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ ওয়াসাল্লাম এ কথা দ্বারা এর প্রতি ইঙ্গিত করেছেন যে, জাহিলিয়্যাতের যুগের লোকদের অভ্যাস ছিল তারা মৃতদের সম্ভাষণ জানাতে এ ধরনের কথা বলত।

http://sunnah.global/hadeeth/bn/show/3770